

নং-৪৫.০০.০০০০.১৫১.২৭.০১৮.২৬-৮৬

তারিখঃ ১৫/১/২০২৬ খ্রি.

বিষয়ঃ ডা: মিঠুন বিশ্বাস (১৩৭০৯৮), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ -এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং- ১৬/২০২৬

অভিযোগনামা

যেহেতু আপনি ডা: মিঠুন বিশ্বাস (১৩৭০৯৮), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ এর ষ্টোর ব্যবস্থাপনা ও ক্রয় সংক্রান্ত অসংগতির বিষয়ে অভিযোগের প্রেক্ষিতে সিভিল সার্জনের কার্যালয় হবিগঞ্জ ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখের ১৭৭৬ নং স্বারকে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন;

যেহেতু তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, অন্ত বিভাগ, জরুরি বিভাগ, অপারেশন থিয়েটার, ল্যাবরেটরী চালু না থাকা সত্ত্বেও আপনি এমএসআর যন্ত্রপাতি, লিয়েন সামগ্রী, ক্যামিকেল সামগ্রী এবং পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী খাতে মালামাল ক্রয় করেছেন যা বিধি-বর্হিভূত এবং ই-জিপি পদ্ধতিতে বিধি-বিধান লংঘন হয়েছে;

যেহেতু অফিসিয়াল কন্সট ইন্টিমেইট ব্যাতিরেকে মালামাল ক্রয় করা হয়েছে যা পাবলিক প্রকিউমেন্ট আইন ও সংশ্লিষ্ট বিধিমালার পরিপন্থি;

যেহেতু ২০২৫-২০২৬ অর্থবছরে ক্রয়কৃত কোনো মালামাল স্টক রেজিস্ট্রারে এন্ট্রি করা হয় নাই। মালামাল প্রোডাকশন/ম্যানুফ্যাকচারিং ডেট এর ০১ মাস আগেই স্টোরে গ্রহণ দেখানো হয়েছে যা প্রত্যক্ষ দুর্নীতি। তদন্ত প্রতিবেদনে অসদাচারণ ও দুর্নীতির অভিযোগের প্রাথমিক সত্যতা প্রতীয়মান হয়;


যেহেতু তদন্ত প্রতিবেদনে অসদাচারণ ও দুর্নীতির অভিযোগের প্রাথমিক সত্যতা প্রতীয়মান হওয়ায় যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচারণ (Misconduct) ও দুর্নীতি (Corruption) হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচারণ (Misconduct) ও দুর্নীতি (Corruption) এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।


(ড. আ. ন. ম. বজলুর রশীদ)
সচিব

ডা: মিঠুন বিশ্বাস (১৩৭০৯৮)

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শায়েস্তাগঞ্জ।

নং- ৪৫.০০.০০০০.১৫১.২৭.০১৮.২৬ - ৮৬/১(১২)

তারিখঃ ১৫/১/২০২৬ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)।
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। সিভিল সার্জন, হবিগঞ্জ।

৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)।

৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।

৬। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।

৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।


৮। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১১। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১২। অফিস কপি।



(মোঃ আবু সুফিয়ান)

উপসচিব (শৃঙ্খলা-২ শাখা)

অভিযোগ বিবরণী

যেহেতু আপনি ডা: মিঠুন বিশ্বাস (১৩৭০৯৮), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ এর ষ্টোর ব্যবস্থাপনা ও ক্রয় সংক্রান্ত অসংগতির বিষয়ে অভিযোগের প্রেক্ষিতে সিভিল সার্জনের কার্যালয় হবিগঞ্জ ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখের ১৭৭৬ নং স্বারকে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন ;

যেহেতু তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, অন্ত বিভাগ, জরুরি বিভাগ, অপারেশন থিয়েটার, ল্যাবরেটরী চালু না থাকা সত্ত্বেও আপনি এমএসআর যন্ত্রপাতি, লিয়েন সামগ্রী, ক্যামিকেল সামগ্রী এবং পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী খাতে মালামাল ক্রয় করা হয়েছে যা বিধি-বহির্ভূত এবং ই-জিপি পদ্ধতিতে বিধি-বিধান লংঘন হয়েছে;

যেহেতু অফিসিয়াল কস্ট ইন্টিমেইট ব্যতিরেকে মালামাল ক্রয় করা হয়েছে যা পাবলিক প্রকিউরমেন্ট আইন ও সংশ্লিষ্ট বিধিমালার পরিপন্থি;

যেহেতু ২০২৫-২০২৬ অর্থবছরে ক্রয়কৃত কোনো মালামাল স্টক রেজিস্টারে এন্ট্রি করা হয় নাই। মালামাল প্রোডাকশন/ম্যানুফ্যাকচারিং ডেট এর ০১ মাস আগেই স্টোরে গ্রহণ দেখানো হয়েছে যা প্রত্যক্ষ দুর্নীতি। তদন্ত প্রতিবেদনে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের প্রাথমিক সত্যতা প্রতীয়মান হওয়ায় যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩ (ঘ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু ডা: মিঠুন বিশ্বাস এর উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ (Misconduct) ও দুর্নীতি (Corruption) হিসেবে গণ্য। এ কারণে তিনি অসদাচরণ (Misconduct) ও দুর্নীতি (Corruption) এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(ড. আ. ন. ম. বজলুর রশীদ)
সচিব